

ঢাকা কাস্টমস্ হাউসের জন্য প্রযোজ্য

ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় দলিলাদি

কাস্টমস্ হাউস, ঢাকা কতৃক প্রেরিত পত্র (নথি নং : ৫(২০)৪৮/ফ্রেইট ফরওয়ার্ডার্স/বিধিমালা/২০০৬/৬৪১৭(৪), তাং-১২-০৬-২০১২ও নথি নং : ৫(২০)০১/ফ্রেইট ফরওয়ার্ডার্স/বিধিমালা/২০১৯/১৪১২৫(৪), তাং-৩০-০৯-২০১৯) অনুসারে নিম্নবর্ণিত দলিলাদি ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্স শাখায় প্রদান করতে হবে।

- (ক) লাইসেন্স নবায়নের জন্য ২০/- টাকার কোর্ট ফি সম্বলিত কোম্পানির লেটার হেড প্যাডে (অতিরিক্ত কমিশনার ও সভাপতি, লাইসেন্সিং কতৃপক্ষ, কাস্টমস্ হাউস, ঢাকা এর বরাবরে।) আবেদন পত্র।
- (খ) প্রতি মেয়াদের নবায়ন ফি বাবদ ৮ ১০,০০০/- (দশ হাজার) টাকার ট্রেজারী চালানের মূল কপি। (এ চালান মাধ্যমে ১১১০২০৩১০২০০৯-শুল্ক ভবন, ঢাকা-Customs House, Dhaka অনুকূলে [নবায়ন ফি-Renewal fee] বাবদ জমা প্রদান করতে হবে।)
- (গ) লাইসেন্স নবায়ন ফি এর উপর ১৫% পরিশোধিত ভ্যাট এর ট্রেজারী চালানের মূল কপি। (এ চালান মাধ্যমে ১১১০২০৩১০২০০৯-শুল্ক ভবন, ঢাকা-Customs House, Dhaka অনুকূলে [দেশজ পণ্য ও সেবার ওপর মূসক-VAT on domestic products and services] বাবদ জমা প্রদান করতে হবে।)
- (ঘ) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি।
- (ঙ) ই-টিন সার্টিফিকেট।
- (চ) হালনাগাদ পরিশোধিত আয়কর সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
- (ছ) লাইসেন্সের বিগত ০৪ (চার) বছর মেয়াদকালের কার্য-সম্পাদনের তালিকা।
- (জ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র।
- (ঝ) অফিস ভাড়ার প্রমান স্বরূপ পূর্ববর্তী মেয়াদকালের পরিশোধিত ১৫% ভ্যাট এর কপি।
- (ঞ) ডিজিটাল মূসক সনদপত্র-এর সত্যায়িত অনুলিপি।
- (ট) বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা)-এর মেম্বারশীপ সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
- (ঠ) ব্যাংক সলভেন্সি সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
- (ড) লাইসেন্সের মূল কপি।
- (ঢ) Foreign Currency Bank Account- এর ব্যাংক সলভেন্সি সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
- (ণ) নবায়নের আবেদনের সাথে দাখিলকৃত সকল ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে।



চালান

Link: <https://ibas.finance.gov.bd/acs/general/sales#/home/dashboard>